দেওঘরে রোপওয়ে ভেঙে মৃত ৩, উদ্ধার ৩০ জন, নিখোঁজ ১৮ জন

দেওঘর, ১১ এপ্রিল: ঝাড়খণ্ডের পবিত্র শহর দেওঘরে ত্রিকুট পাহাড়ে রোপওয়ে ভেঙে প্রাণ হারালেন ৩ জন। মৃতদের মধ্যে দুই মহিলা রয়েছে। গুরুতর জখম হয়েছেন কমপক্ষে ১০ জন। দীর্ঘ সময় ধরে উদ্ধারকাজ চালানোর পর উদ্ধার করা সম্ভব হয়েছে ৩০ জনকে, শেষ খবর পাওয়া পর্যন্ত ১৮ জনের কোনও খোঁজ পাওয়া যায়নি। জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী, ভারতীয় বায়ুসেনা ও ভারতীয় সেনাবাহিনী উদ্ধারকাজ চালিয়ে যাচ্ছে।

রবিবার বিকেলে আচমকাই ভেঙে পড়ে রোপওয়েটি, তার পর থেকে সোমবার বেলা পর্যন্ত ৪৮ জন ওই রোপওয়েতে ঝুলতে থাকেন। দুর্ঘটনার খবর পেয়ে তৎপর হয় প্রশাসন। ঘটনাস্থলে ছুটে যান প্রশাসনিক আধিকারিকরা। ডাকা হয় জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীকেও। পাশাপাশি নামানো হয়েছে সেনা এবং সেনাবাহিনীকেও। উদ্ধারকাজে নেমেছে বায়ুসেনার দু'টি এমআই-১৭ কপ্টার। ঝাড়খণ্ডের মন্ত্রী হাফিজুল হাসান জানিয়েছেন, ৩০ জনকে উদ্ধার করা সম্ভব হয়েছে। ১৮ জন নিখোঁজ। জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী, ভারতীয় বায়ুসেনা ও ভারতীয় সেনাবাহিনী উদ্ধারকাজ চালিয়ে যাচ্ছে। মন্ত্রী হাসান বলেছেন, 'রক্ষণাবেক্ষণের অভাবের কারণেই দুর্ঘটনা ঘটতে পারে। তদন্ত দল গঠন করা হবে। আমাদের অগ্রাধিকার হল জীবন বাঁচানো।'

দেওঘরে এক পাহাড় থেকে অন্য পাহাড়ে যাওয়ার জন্য ওই রোপওয়ে ব্যবহার করা হয়। পর্যটকদের কাছে এই রোপওয়ে যাত্রা বেশ জনপ্রিয়ও। রবিবার বিকেল ৪.৩০ মিনিট নাগাদ ত্রিকুট পাহাড়ের ওই রোপওয়ে আচমকাই ভেঙে পড়ে। ডাউন স্টেশন থেকে রোপওয়ে শুরু হতে না হতেই পাহাড়ের চূড়ায় অবস্থিত রোপওয়ের ইউটিপি স্টেশনের রোলারটি হঠাৎ ভেঙে যায়। এরপর রোপওয়ের ২৩টি ট্রলি নিমেষে সাত ফুট নিচে ঝুলে পড়ে। প্রথমেই ৪০ ফুট উপরে থাকা একটি ট্রলি খাদে পড়ে যায়, যাতে পাঁচজন আরোহী ছিলেন। স্থানীয় লোকজন ও রোপওয়ে শ্রমিকরা মিলে ওই ট্রলিতে আটকে পড়া পাঁচজনকে উদ্ধার করেন। এই ঘটনায় মৃত্যু হয়েছে দু'জনের এবং বাকি ট্রলি গুলিতে আটকে পড়েন মোট ৪৮ জন পর্যটক। তাঁরা রাতভর ওই রোপওয়েতে ঝুলতে থাকেন। উদ্ধারকাজে নামানো হয়েছে বায়ুসেনার কপ্টার।

পুলিশ জানিয়েছে, রোপওয়ে ভেঙে পড়ার ফলে নীচের দু'টি ট্রলি পাথরের সঙ্গে ধাক্কা খায়। দুই ট্রলির আরোহী সবাই গুরুতর আহত হন। এই দুর্ঘটনায় মৃত্যু হয় সুমন্তী দেবী নামে এক মহিলার। ট্রলির ভিতরে আটকে পড়া সবাই আহত হয়েছেন। আহতদের অধিকাংশই বিহারের বাসিন্দা। আহতরা হলেন-গোবিন্দ ভোক্তা, ভুপেন্দ্র বর্মন, দীপিকা বর্মন, অজ্ঞাত এক বছরের শিশু, রূপা কুমারী, সোনি দেবী, রমন কুমার শ্রীবাস্তব, সুধা রানী ও খুশবু রানী।

গুজরাতের রাসায়নিক কারখানায় ভয়াবহ বিস্ফোরণ, মৃত ছয় শ্রমিক

আমদাবাদ, ১১ এপ্রিল: গুজরাতের ভারুচ জেলায় একটি রাসায়নিক কারখানায় বিস্ফোরণে মৃত্যু হল ছয় শ্রমিকের। আমদাবাদ থেকে প্রায় ২৩৫ কিলোমিটার দূরে দাহেজ শিল্পাঞ্চল এলাকায় অবস্থিত এই কারখানায় সোমবার রাত ৩টে নাগাদ এই ঘটনাটি ঘটে।

ভারুচের পুলিশ সুপার লীনা পাটিল জানিয়েছেন, ছ'জন একটি চুল্লির কাছে কাজ করছিলেন। সেখানে পাতন প্রক্রিয়া চলাকালীন হঠাৎই বিস্ফোরণ ঘটে। অগ্নিদগ্ধ হয়ে মৃত্যু হয় ওই শ্রমিকদের। লীনা বলেন, 'চুল্লিতে বিস্ফোরণের ফলে কারখানায় আগুন লেগে যায়। চুল্লির কাছে কর্মরত ছ'জনের সবাই মারা গিয়েছে। আগুনও ইতিমধ্যেই নিয়ন্ত্রণে আনা হয়েছে।' তবে এই ছ'জন ছাড়া এই আর কেউ আহত বা নিহত হননি বলেও জানা গিয়েছে। ঠিক কী কারণে এই বিস্ফোরণটি ঘটে তা জানতে ইতিমধ্যেই তৎপর হয়েছে প্রশাসন।

৬ জন শ্রমিক চুল্লির কাছে কাজ করছিলেন, দ্রাবক পাতন প্রক্রিয়া চলাকালীন হঠাৎ সেটি বিস্ফোরিত হয়। এরপর আগুন ধরে যায়। ঘটনাস্থলেই মৃত্যু হয় ৬ জন শ্রমিকের। পরে মৃতদেহগুলি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। নিভিয়ে ফেলা হয় আগুন। এই ঘটনায় কেউ আহত হননি। পুলিশ তদন্ত শুরু করেছে বলে জানিয়েছেন পুলিশ সুপার।

রাসায়নিক কারখানায় বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডেরও প্রাণহানির ঘটনায় দুঃখপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। প্রধানমন্ত্রী ত্রাণ তহবিল থেকে মৃতদের পরিবারপিছু ২ লক্ষ টাকা ও আহতদের পরিবারপিছু ৫০ হাজার টাকা করে আর্থিক ক্ষতিপূরণ ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী।

দুর্নীতি মামলায় খাড়গেকে জেরা ইডি-র

নয়াদিল্লি, ১১ এপ্রিল: ন্যাশনাল হেরাল্ড দুর্নীতি মামলায় প্রবীণ কংগ্রেস নেতা মল্লিকার্জুন খাড়গেকে জিজ্ঞাসাবাদ করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। দুর্নীতি মামলায় কংগ্রেস নেতা মল্লিকার্জুনকে তলব করেছিল ইডি। সূত্রের খবর, ইডি-র সমন পেয়ে সোমবার কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দপ্তরে হাজিরা দেন মল্লিকার্জুন খাড়গে। তাঁকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। ন্যাশনাল হেরাল্ড আর্থিক তছরুপ মামলায় সোমবার জিজ্ঞাসাবাদ করা হয়েছে কংগ্রেস নেতা মল্লিকার্জুন খাড়গেকে। তাঁকে জিজ্ঞাসাবাদের জন্য সমন পাঠানো হয়েছিল, সেই মতো সোমবার হাজিরা দেন তিনি। প্রিভেনশন অফ মানি লন্ডারিং অ্যাক্টের (পিএমএলএ) অধীনে তাঁর বয়ান রেকর্ড করা হয়েছে।

জেএনইউ-তে অশান্তির জেরে এফআইআর দায়ের

নয়াদিল্লি, ১১ এপ্রিল: দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় (জেএনইউ)-এর ক্যাম্পাসে অশান্তি ছড়ানোর অভিযোগে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ (এবিভিপি)-র অজ্ঞাতপরিচয় কিছু সদস্যের বিরুদ্ধে এফআইআর দায়ের করা হয়েছে। সোমবার দায়ের করা হয়েছে এই এফআইআর। এদিকে, অশান্তির ঘটনার থেকে শিক্ষা নিয়ে জেএনইউ ক্যাম্পাসের বাইরে নিরাপত্তা জোরদার করেছে পুলিশ। সোমবার পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, জেএনইউ ক্যাম্পাসে শান্তি বজায় রাখার জন্য নিরাপত্তা জোরদার করা হয়েছে।

রামনবমীর দিনে আমিষ খাওয়া ঘিরে রবিবার তোলপাড় হয় জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়। রবিবার ক্যাম্পাসে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ এবং বাম ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষ হয় এই নিয়ে। এবিভিপি কর্মীদের বিরুদ্ধে আমিষ খাবার খেতে বাধা দেওয়ার অভিযোগ করেছে বামপন্থী ছাত্ররা। এদিকে এবিভিপির তরফে পাল্টা অভিযোগ করা হয়েছে যে হোস্টেলে পুজা করতে বাধা দিয়েছে বামপন্থী পড়ুয়ারা। এই আবহে দুই গোষ্ঠীর সংঘর্ষ বাঁধে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেই। এবিভিপি-র বিরুদ্ধে পাথর ছোড়ার অভিযোগ ওঠে। মেস সেক্রেটারিকেও এবিভিপি কর্মীরা মারধর করে বলে অভিযোগ। রবিবার রাতে জেএনইউয়ে বাম-এবিভিপি ছাত্র সংঘর্ষে আহত হন ছয় পড়ুয়া। ভারতীয় দণ্ডবিধির ৩২৩, ৩৪১, ৫০৬, ৫০৯ এবং ৩৪ নং ধারায় অভিযোগ দায়ের করেছে পুলিশ।

পুলিশ জানিয়েছে, 'পুলিশ কর্মীদের এখনও জেএনইউ ক্যাম্পাসের ভিতরে মোতায়েন করা হয়নি, কারণ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এখনও আমাদের কাছে নিরাপত্তার জন্য অনুরোধ করেনি। তবে আমরা পরিস্থিতি পর্যবেক্ষণ করছি। ক্যাম্পাসের বাইরে আমাদের টিম মোতায়েন করা হয়েছে। বিশ্ববিদ্যালয় অনুরোধ করলে অবশ্যই ক্যাম্পাসের ভেতরে পুলিশ কর্মীদের মোতায়েন করা হবে। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব নিরাপত্তা রয়েছে যা ক্যাম্পাসের ভেতরে মোতায়েন করা হয়েছে।'

এদিকে, এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করলেন মহারাষ্ট্রের মন্ত্রী ও শিবসেনা নেতা আদিত্য ঠাকরে। মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরের ছেলে আদিত্য ঠাকরে বলেছেন, ছাত্র-ছাত্রীদের মনোযোগ দেওয়া উচিত পড়াশোনায়। তিনি বলেছেন, জেএনইউ-তে যা হয়েছে তা মোটেও কাম্য নয়। এই ঘটনায় সোমবার আদিত্য ঠাকরে-কে প্রশ্ন করা হলে তিনি বলেছেন, মনোযোগ দেওয়া উচিত পড়াশোনায়। জেএনইউ-তে যা হয়েছে তা মোটেও কাম্য নয়। লিঙ্গ সমতা ও ওরাল হাইজিন ইস্যুতে কথা বলা উচিত। প্রসঙ্গত, এদিন মুম্বইয়ে মিশন ফিনান্সিয়াল লিটারেসি প্রোগ্রামের উদ্বোধনে যোগ দিয়েছিলেন আদিত্য ঠাকরে। সেখানেই তিনি একথা বলেছেন।

জম্মু-কাশ্মীরে ফের বৃষ্টির পূর্বাভাস

শ্রীনগর, ১১ এপ্রিল: **জম্মু-কাশ্মীরে ফের বৃষ্টির পূর্বাভাস, মঙ্গলবার থেকে ৩ দিন আগামী ১৪ এপ্রিল পর্যন্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে জম্মু-কাশ্মীরে। এই সময়ে হালকা থেকে মাঝারি বৃষ্টির পাশাপাশি হতে পারে দমকা হাওয়া ও বজ্রপাত। মঙ্গলবার থেকে ১৪ এপ্রিল পর্যন্ত কৃষিকাজ বন্ধ রাখতে পরামর্শ দেওয়া হয়েছে কৃষকদের। সোমবার জম্মু-কাশ্মীরের আবহাওয়া দপ্তর জানিয়েছে, ১২ এপ্রিল (বিকেল) থেকে ১৪ এপ্রিল (দুপুর) পর্যন্ত একটি পশ্চিমী ঝঞ্ঝা জম্মু ও কাশ্মীর এবং পার্শ্ববর্তী অঞ্চলগুলিকে প্রভাবিত করতে পারে।**

১২ এপ্রিল (রাত) থেকে ১৩ এপ্রিল (দুপুর) রাত পর্যন্ত বজ্রপাত এবং দমকা হাওয়ার সঙ্গে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হতে পারে মোটামুটি বিস্তীর্ণ জায়গায় বিক্ষিপ্তভাবে এবং তারপরে ১৪ এপ্রিল পর্যন্ত বিভিন্ন বিক্ষিপ্ত হালকা বৃষ্টি হতে পারে। এই সময়ে বাগান ও ক্ষেতে রাসায়নিক স্প্রে এবং [redacted] কার্যক্রম স্থগিত করার [redacted] দেওয়া হচ্ছে কৃষক [redacted]

আমার দুনিয়া

১২ কিলোমিটার জুড়ে কয়েকশো ট্যাঙ্ক, সশস্ত্র ট্রাক, রাশিয়ার লক্ষ্য পূর্ব ও দক্ষিণ ইউক্রেন

কলকাতা ১১ এপ্রিল: আগেই সতর্ক করেছে ওয়াশিংটন। এ বার কিভও জানাল, আরও বড় যুদ্ধের প্রস্তুতি নিচ্ছে মস্কো। তার পূর্বাভাস স্পষ্ট। টানা গোলাবর্ষণ চলছে খারকিভে। তারই মধ্যে উপগ্রহ চিত্রে ধরা পড়েছে খারকিভের পূর্ব দিকে জড়ো হয়েছে দীর্ঘ সেনা কনভয়। কয়েকশো ট্যাঙ্ক, সশস্ত্র ট্রাক ও অন্যান্য যুদ্ধযান অন্তত ১২ কিলোমিটার জুড়ে বিস্তৃত। আন্দাজ করা হচ্ছে, রাশিয়ার লক্ষ্য পূর্ব ও দক্ষিণ ইউক্রেন। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জ়েলেনস্কি জানিয়েছেন, এই যুদ্ধের জন্যও তাঁরা প্রস্তুত। রাজধানী কিভ-সহ ইউক্রেনের উত্তর, উত্তর-পূর্বে অন্য বড় শহরগুলি দখল করতে ব্যর্থ হয়েছে রুশ বাহিনী। চের্নোবিল, চেরনিহিভের মতো শহর দখল করেও ছেড়ে বেরিয়ে আসতে হয়েছে তাদের। এই পরিস্থিতিতে ইউক্রেন ও পশ্চিমি শক্তিগুলির আশঙ্কা, পূর্ব ইউক্রেনে ভয়াবহ আগ্রাসী রূপ নিতে চলেছে রাশিয়া।

UTTARPARA-KOTRUNG MUNICIPALITY

e-N.I.Q.No. : UKM/001(e)/2022-23 dt.11.04.2022

1. Operation and Maintenance of 10.84 MLD Surface water treatment plant (SCADA based) of 20 hrs plant operation period (both for Civil and E&M component of works) including supply of coagulants (PAC & Alum), Liquid Chlorine, guarding arrangement, Sludge disposal and supply of required laboratory reports etc. at Babughat within Uttarpara-Kotrung Municipality for a period of 1 year. Bid Submission Closing Date – 27.04.2022. For Details: - www.wbtenders.gov.in.

Sd/- Chairman,
Uttarpara-Kotrung Municipality

Abridged Notice

Quotation is invited for the work:
1. Name of work:- Supply and delivery of special type Trailling cable for High Mast Lighting system under Hooghly River Bridge Commissioners.
N.I.Q. No. HRBC / E / Q / 01 of 2022-23

Last date of application for permission –19.04.2022 [redacted] Sd/-
Joi[redacted]anager (Electrical)
Ho[redacted] Bridge Commissioners

TENDER NOTICE

2nd (Second) Call

NIT No. 06/15th FC/ 2021-22. Dt. 07-04-2022, 1 (One) Number of Building at Maheshnagar under Hatisala-I Gram Panchayet. Total Amount Rs. **3,49,777/-.** Last date of application- **19-04-2022 (2 pm.).** (Other details collect from this office).

Sd/-, Prodhan
Hatisala-I Gram Panchayet

মানাকসিয়া স্টিলস লিমিটেড
STEELS AN ISO 9001 : 2015 COMPANY

রেজিঃ অফিস : টার্নার মরিসন বিল্ডিং, ২য় তল,
৬ লায়ন্স রেঞ্জ, কলকাতা-৭০০ ০০১
দূরভাষ: +৯১-৩৩-২২৩১ ০০৫৫; ফ্যাক্স: +৯১-৩৩-২২৩০ ০৩৩৬
ই-মেল: infomsl@manaksiasteels.com, ওয়েবসাইট: www.manaksiasteels.com
কর্পোরেট আইডেন্টিটি নাম্বার: L27101WB2001PLC138341

নোটিশ

কোম্পানির সদস্যদের নোটিশ দেওয়া হচ্ছে যে, কোম্পানিজ এক্ট, ২০১৩ ("দ্য অ্যাক্ট") এর সেকশন ১০৮ এবং ১১০ এবং আইনের অন্যান্য প্রযোজ্য বিধান, যদি থাকে, তৎসহ পঠিত কোম্পানিজ (ম্যানেজমেন্ট এন্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস ২০১৪, সংশোধিত হিসাবে, এবং ১৪/২০২০, ১৭/২০২০, ২২/২০২০, ৩৩/২০২০, ৩৯/২০২০, ১০/২০২১, এবং ২০/২০২১ তারিখ- ৮ এপ্রিল, ২০২০, ১৩ এপ্রিল, ২০২০, ১৫ জুন, ২০২০, সেপ্টেম্বর ২৮, ২০২০, ডিসেম্বর ৩১, ২০২০, ২৩ জুন, ২০২১, এবং ০৮ ডিসেম্বর, ২০২১ যথাক্রমে ("এমসিএ সার্কুলার"), এবং সেবি (লিস্টিং অবলিগেসনস এন্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -এর সংশোধিতমতো ("লিস্টিং রেগুলেশন") প্রযোজ্য বিধান অনুসারে, কোম্পানি সোমবার, ১১ এপ্রিল, ২০২২ তারিখে, ইলেকট্রনিক মোডের মাধ্যমে পোস্টাল ব্যালট নোটিশ পাঠানো সম্পন্ন করেছে, যে সকল সদস্য ডিপোজিটরি অংশগ্রহণকারীর(গুলি)/কোম্পানির সাথে তাদের ইমেল আইডি নিবন্ধিত করেছে, নোটিশে উল্লিখিত বিশেষ ব্যবসায় লেনদেন করতে, যা কোম্পানির সদস্যদের দ্বারা ইলেকট্রনিক মাধ্যমে পাস করার প্রস্তাব করা হয়েছে। এমসিএ সার্কুলারগুলির সাথে সামঞ্জস্য রেখে, সদস্যদের ইলেকট্রনিকভাবে তাদের ভোট দেওয়ার সুবিধা প্রদান করা হবে এবং কোম্পানি সকল সদস্যদের কাছে ই-ভোটিং সুবিধা প্রদানের উদ্দেশ্যে ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড ("এনএসডিএল") -এর পরিষেবাগুলি নিযুক্ত করেছে।

পরিচালনা পর্ষদ মিসেস পামি জয়সওয়াল, বিনোদ কোঠারি অ্যান্ড কোম্পানির অংশীদার, প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারি, ১০০৬-১০০৯, কৃষ্ণ বিল্ডিং, ২২৪, এজেসি বোস রোড, কলকাতা- ৭০০ ০১৭, সুষ্ঠু ও স্বচ্ছভাবে ই-ভোটিং এর মাধ্যমে পোস্টাল ব্যালট প্রক্রিয়া পরিচালনার জন্য নিযুক্ত করেছে।

সদস্যদের জানানো যাচ্ছে যে:

১. পোস্টাল ব্যালটের নোটিশে নির্ধারিত ব্যবসা শুধুমাত্র ই-ভোটিং এর মাধ্যমে লেনদেন করা হবে।
২. ই-ভোটিং সময়কাল মঙ্গলবার, ১২ই এপ্রিল, ২০২২ এ শুরু হবে [সকাল ০৯:০০টা (আইএসটি)] এবং বুধবার, ১১ মে, ২০২২ [বিকাল ০৫:০০ টা (আইএসটি)] -এ শেষ হবে। উল্লিখিত তারিখ এবং সময়ের পরে কোনো ই-ভোটিং অনুমোদিত হবে না। একবার শেয়ারহোল্ডার দ্বারা একটি রেজোলিউশনের উপর ভোট দেওয়া হলে, পরবর্তীতে এটি পরিবর্তন করার অনুমতি দেওয়া হবে না।
৩. রিমোট ই-ভোটিং দ্বারা ভোট দেওয়ার যোগ্যতা নির্ধারণের কাট-অফ তারিখ হল শুক্রবার, ৮ এপ্রিল, ২০২২ এবং সদস্যদের ভোটদানের অধিকারগুলি তাদের দেওয়া কাট-অফ তারিখে কোম্পানির পরিশোধিত ইকুইটি শেয়ারের মূলধন অনুপাতে হবে।
৪. যে ব্যক্তির নাম কাট-অফ তারিখে ডিপোজিটরি দ্বারা রক্ষণাবেক্ষণ করা সদস্যদের রেজিস্টারে বা বেনিফিসিয়াল মালিকদের রেজিস্টারে নথিভুক্ত করা হয়েছে, তিনি শুধুমাত্র রিমোট ই-ভোটিং সুবিধা পাওয়ার অধিকারী হবেন।
৫. পোস্টাল ব্যালটের বিজ্ঞপ্তিটি কোম্পানির ওয়েবসাইটে অর্থাৎ **www.manaksiasteels.com** এবং বিএসই লিমিটেডের ওয়েবসাইট অর্থাৎ **www.bseindia.com** এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড অর্থাৎ, **www.nseindia.com**, এবং এনএসডিএল এর ওয়েবসাইট অর্থাৎ **www.evoting.nsdl.com** তে প্রদর্শিত হয়েছে।
৬. সদস্যরা, যারা ডিমেটেরিয়ালাইজড মোড বা ফিজিক্যাল আকারে শেয়ার ধারণ করছেন বা যারা তাদের ডিপোজিটরি/কোম্পানীর সাথে তাদের ই-মেইল ঠিকানা নিবন্ধন করেননি, তারা যে পদ্ধতিতে রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোট দিতে পারেন তা পোস্টাল ব্যালটের বিজ্ঞপ্তিতে দেওয়া হয়েছে।
৭. পোস্টাল ব্যালটের ফলাফল কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ **www.manaksiasteels.com** এবং এনএসডিএল এর ওয়েবসাইট [https://www.evoting.nsdl.com/] -তে ফলাফল ঘোষণার পরপরই স্থাপন করা হবে এবং স্টক এক্সচেঞ্জে পাঠানো হবে, যেখানে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত আছে।
৮. রিমোট ই-ভোটিং সংক্রান্ত কোনো প্রশ্ন/অভিযোগের ক্ষেত্রে, সদস্যরা এনএসডিএল-এর ই-ভোটিং ওয়েবসাইটের ডাউনলোড বিভাগের অধীনে উপলব্ধ শেয়ারহোল্ডারদের রিমোট ই-ভোটিং ব্যবহারকারী ম্যানুয়াল দেখতে পারেন, শেয়ারহোল্ডারদের জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (এফএকিউএস) উল্লেখ করতে পারেন, বা যোগাযোগ করুন শ্রী অমিত বিশাল, এভিপি/ মিজ পল্লবী মাহাত্রে, ম্যানেজার, এনএসডিএল, ট্রেড ওয়ার্ল্ড, "এ"-উইং, ৫ম তল, কমলা মিলস কম্পাউন্ড, লোয়ার প্যারেল, মুম্বাই - ৪০০ ০১৩ টোল ফ্রি নং ১৮০০ ১০২০ ৯৯০/-এ ১৮০০ ২২ ৪৪ ৩০ বা ই-মেইল আইডি- **evo[redacted]@nsdl.co.in** -তে।

মানাকসিয়া স্টিলস লিমিটেড-এর পক্ষে
স্বা/-
অজয় শর্মা
[redacted]ডা **কোম্পানি সেক্রেটারি**
[redacted].০৪.২০২২

এনপিআর ফিনান্স লিমিটেড
"টোডি ম্যানসন", ১, লু-শাং সরণি, ১০ম তল, কলকাতা- ৭০০০৭৩
CIN: L65921WB1989PLC047091, ই-মেল : npr1@nprfinance.com
ফোন নং – ০৩৩ ২২৩৭ ৭২০১, ওয়েবসাইট : www.nprfinance.com
অতিরিক্ত সাধারণ সভা, ই-ভোটিং -এর বিজ্ঞপ্তি

কোম্পানির অতিরিক্ত সাধারণ সভা (ইজিএম) অনুষ্ঠিত হবে ৬ মে, ২০২২ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.৩০টায়, আইএসটি, ভিডিও কনফারেন্সিং ("ভিসি")/আদার অডিও-ভিস্যুয়াল মিনস ("ওএভিএম") -এর মাধ্যমে যা ২০১৩-এর কোম্পানি আইনের ("দ্য অ্যাক্ট") প্রযোজ্য সব বিধানাবলি পঠিতব্য তদধীন রুলস-এর সঙ্গে এবং সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া ("সেবি") (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ ("লিস্টিং রেগুলেশনস"), যা পঠিতব্য জেনারেল সার্কুলার নং (১) ১৪/২০২০, তারিখ ৮ এপ্রিল, ২০২০, (২) ১৭/২০২০, তারিখ ১৩ এপ্রিল, ২০২০, (৩) ২২/২০২০, তারিখ ১৫ জুন, ২০২০, (৪) ৩৩/২০২০, তারিখ ২৮ সেপ্টেম্বর, ২০২০, (৫) ৩৯/২০২০, তারিখ ৩১ ডিসেম্বর, ২০২০, (৪) ৩৩/২০২০, তারিখ ২৮ সেপ্টেম্বর, ২০২০, (৫) ৩৯/২০২০, তারিখ ৩১ ডিসেম্বর, ২০২০, (৬) ১০/২০২১, তারিখ ২৩ জুন, ২০২১ -এর সঙ্গে পঠিত ২০/২০২১ তারিখ ৮ ডিসেম্বর, ২০২১ যা ইস্যু করেছে কর্পোরেট বিষয়ক মন্ত্রক ("এমসিএ"), ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়া (আইসিএসআই) এবং অন্যান্য প্রযোজ্য সার্কুলার সময়ে সময়ে নিয়ন্ত্রক কর্তৃপক্ষ দ্বারা জারি করা হয়েছে। ইজিএমের জন্য বিবেচিত স্থানটি কোম্পানির নিবন্ধিত অফিস হবে।

এমসিএ সার্কুলার এবং সেবি সার্কুলারগুলির সঙ্গে সামঞ্জস্য রেখে ইজিএম-এর নোটিস বৈদ্যুতিন মাধ্যমে ১১.০৪.২০২২-এ সেইসব সদস্যকে পাঠানো সম্পন্ন হয়েছে যাঁদের ইমেল অ্যাড্রেস কোম্পানিতে / ডিপজিটরিজে / রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট ("আরটিএ") মেসার্স নিশে টেকনোলজিস প্রাইভেট লিমিটেডে নথিভুক্ত আছে। এছাড়াও তা পাওয়া যাবে এখানে : (১) কোম্পানির ওয়েবসাইট (www.nprfinance.com); (২) মেসার্স সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) -এর ওয়েবসাইট (www.evotingindia.com) যারা ই-ভোটিং প্ল্যাটফর্মের ব্যবস্থা করছে এবং (৩) বিএসই লিঃ -এর ওয়েবসাইট (www.bseindia.com) যেখানে কোম্পানির ইক্যুইটি শেয়ার তালিকাভুক্ত আছে।

আরও জানানো হচ্ছে যে:

১. কার্যাদি নির্বাহ হবে বৈদ্যুতিন প্রথায় ভোটদান মাধ্যমে (রিমোট ই-ভোটিং) সদস্যদের দ্বারা
২. কেবলমাত্র সভায় অংশ নেওয়া সদস্যরা এবং যারা রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দেননি, তারা ইজিএম চলাকালীন ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে সভায় তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।
৩. কোনও সদস্য রিমোট ই-ভোটিং মাধ্যমে তার ভোটাধিকার প্রয়োগের পরেও সাধারণ সভায় অংশ নিতে পারে, তবে আবার ইজিএমে ভোট দেওয়ার অনুমতি পাবে না।
৪. ইজিএম চলাকালীন রিমোট ই-ভোটিং এবং ই-ভোটিং সুবিধার জন্য নির্দেশাবলী ইজিএএম-এর নোটিশে বর্ণিত হয়েছে।
৫. রিমোট ই-ভোটিং সময়কাল শুরু ৩ মে, ২০২২ তারিখ সকাল ৯.০০টায় এবং শেষ হবে ৫ মে, ২০২২ তারিখ বিকেল ৫.০০টায়, এই সময়ের পর রিমোট ই-ভোটিং অনুমোদন করা হবে না।
৬. ভোটদানের জন্য যোগ্য শেয়ারহোল্ডারদের কাট-অফ তারিখ ২৯ এপ্রিল, ২০২২। শেয়ারহোল্ডারদের ভোটের অধিকার কাট-অফ তারিখে কোম্পানির পরিশোধিত ইকুইটি শেয়ার মূলধনের তাদের শেয়ারের অনুপাতে হবে।
৭. যে সকল ব্যক্তি শেয়ার অর্জন করেছেন এবং কোম্পানির সদস্য হয়েছেন ই-মেল পাঠানোর পর এবং শেয়ার ধরে রেখেছেন কাট-অফ ডেটে, তাঁদের অনুরোধ করা হচ্ছে, কোম্পানিকে ই-মেল মাধ্যমে জানাতে investors@nprfinance.com/nichetechpl@nichetechpl.com -এ, তাঁদের ফোলিও নং./ ডিপিআইডি এবং ক্লায়েন্ট আইডি উল্লেখ করে, ইউজার আই-ডি এবং পাসওয়ার্ড গ্রহণ করে ই-ভোটিং-এর জন্য।
৮. যে ব্যক্তির নাম সদস্যদের নিবন্ধগ্রন্থে বা ডিপোজিটরিজ দ্বারা রক্ষণাবেক্ষণ করা বেনিফিসিয়াল ওনারস-এর নিবন্ধগ্রন্থ নিবন্ধভুক্ত আছে কাট-অফ তারিখে, তিনি রিমোট ই-ভোটিং ইজিএমে ভোটদানে সুবিধাগ্রহণে যোগ্য বিবেচিত হবেন।
৯. যে-সব সদস্য ফিজিক্যাল ফর্মে শেয়ার ধারণ করছেন বা যাঁরা তাঁদের ই-মেল অ্যাড্রেস কোম্পানিতে নথিভুক্ত করেননি, তাঁরাও রিমোট ই-ভোটিং -এর মাধ্যমে অথবা ইজিএম চলাকালীন ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে তাঁদের ভোট দিতে পারেন। এই ধরনের শেয়ারহোল্ডাররা ই-ভোটিংয়ের জন্য লগইন শংসাপত্রগুলি কোম্পানি/আরটিএ -কে ই-মেইলের মাধ্যমে বিনিয়োগকারীদের investors@nprfinance.com / nichetechpl@nichetechpl.com -এ প্রদান করে পেতে পারেন : (১) বিস্তারিত যেমন ফোলিও নং, শেয়ারহোল্ডারের নাম -এর বিশদ, শেয়ার সার্টিফিকেটের স্ক্যান করা কপি (সামনের ও পিছনের) – ফিজিক্যাল শেয়ারহোল্ডারদের ক্ষেত্রে (২) ডিম্যাট শেয়ারহোল্ডারদের ক্ষেত্রে - অনুগ্রহ করে আপনার ইমেল আইডি এবং মোবাইল নম্বর আপডেট করুন আপনার সংশ্লিষ্ট ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট (ডিপি) -এর কাছে। (৩) ব্যক্তিগত ডিম্যাট শেয়ারহোল্ডারদের ক্ষেত্রে - অনুগ্রহ করে আপনার ইমেল আইডি এবং মোবাইল নম্বর আপডেট করুন আপনার সংশ্লিষ্ট ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট (ডিপি) -এর কাছে যা ই-ভোটিংয়ের সময় বাধ্যতামূলক এবং ডিপোজিটরির মাধ্যমে ভার্চুয়াল মিটিংয়ে যোগ দিতে।
১০. ফিজিক্যাল মোডে শেয়ারধারী সদস্যদের অনুরোধ করা হচ্ছে, প্যান কার্ড এবং তাঁদের ঠিকানার প্রমাণের স্ব-প্রত্যয়িত স্ক্যান করা কপি তাঁদের ই-মেল আইডি নথিভুক্ত করার জন্য এখানে পাঠাতে হবে investors@nprfinance.com ডিম্যাট - মোডে শেয়ারধারী সদস্যদের অনুরোধ করা হচ্ছে তাঁদের স্ব-স্ব ডিপজিটরিজ-এর কাছে তাঁদের ই-মেল আইডি হালনাগাদ করতে।
১১. সিডিএসএল ই-ভোটিং সিস্টেম থেকে ইজিএম এবং ই-ভোটিংয়ে অংশগ্রহণের বিষয়ে আপনার কোনও প্রশ্ন বা সমস্যা থাকলে, ই-মেল পাঠাতে পারেন helpdesk.evoting@cdslindia.com-এ অথবা যোগাযোগ করুন ০২২-২৩০৫৮৭৩৮ এবং ০২২-২৩০৫৮৫৪২/৪৩ নম্বরে। ইলেকট্রনিক মোডে ভোটদানের সুবিধার জন্য শ্রী রাকেশ দালভি, ম্যানেজার, (সিডিএসএল) সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড, এ উইং, ২৫তম তল, ম্যারাথন ফিউচারেক্স, মফৎলাল মিল কম্পাউন্ডস, এন এম যোশি মার্গ, লোয়ার প্যারেল (ইস্ট), মুম্বই - ৪০০০১৩ সঙ্গে যোগাযোগ করতে পারেন বা ই-মেল: helpdesk.evoting@cdslindia.com -এ মেল পাঠান বা ফোন করুন ০২২-২৩০৫৮৫৪২/৪৩।

বোর্ডের আদেশানুসারে
রিম্পা রায়
স্থান : কলকাতা — কোম্পানি সেক্রেটারি
তারিখ : ১১.০৪.২০২২ — মেম্বারশিপ নং A27781

দক্ষিণ পূর্ব রেলওয়ে — টেন্ডার

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নম্বর : এসটি-ওটি-এইচএমআইএস-কেজিপি_২০২২, তারিখ ০৭.০৪.২০২২। ভারতের রাষ্ট্রপতির তরফে সিনিয়র ডিভিশনাল সিগন্যাল ও টেলিকম ইঞ্জিনিয়ার (কো)/খড়্গপুর-৭২১৩০১, দঃপূঃরেলওয়ে নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন যা আইটেমের প্রেক্ষিতে উল্লেখিত দিনে বেলা ১২টা পর্যন্ত জমা নেওয়া হবে এবং বেলা ১২.৩০টায় খোলা হবে। **কাজের বিবরণ :** দঃপূঃরেলওয়ের খড়্গপুর ডিভিশনে রেলওয়ে হাসপাতালে হসপিটাল ম্যানেজমেন্ট ইনফর্মেশন সিস্টেম (এইচএমআইএস)-এর সরবরাহ, পরিবহন, স্থাপন, পরীক্ষা ও চালুকরণ। **টেন্ডার মূল্যমান :** ৩১,৫০,৯৩২ টাকা। **ইএমডি :** ৬৩,১০০ টাকা। **টেন্ডার নথিপত্রের মূল্য :** নেই। **কাজ শেষ করার সময়সীমা :** ০৩ মাস। **জমার তারিখ ও সময় :** ০৬.০৫.২০২২-এ বেলা ১২টা পর্যন্ত। **খোলার তারিখ :** ০৬.০৫.২০২২। আগ্রহী টেন্ডারদাতারা টেন্ডারের সম্পূর্ণ বিবরণ, বর্ণনা ও স্পেসিফিকেশনের জন্য এবং অনলাইনে বিড জমা করতে ওয়েবসাইট **www.ireps.gov.in** দেখতে পারেন। কোনও ভাবেই এই কাজের জন্য ম্যানুয়াল টেন্ডার গ্রাহ্য হবে না। **দ্রষ্টব্য :** সম্ভাব্য বিডাররা সমস্ত টেন্ডারে অংশ নিতে নিয়মিত **www.ireps.gov.in** দেখতে পারেন। **(PR-22)**

NOTICE INVITING TENDER

No. 01 of 2022-23 of the Assistant Engineer (A-I), Burdwan (A-I) Sub-Division

On behalf of the Governor of West Bengal 01 (One) no. sealed tender consisting of 03 (Three) groups for yearly maintenance work at Ajay Inspection Bungalow, Renovation work of departmental inspection bungalow (Ajay Bhaban) in phase-III and phase-IV in the district of Purba Bardhaman under Burdwan (A-I) Division from the bonafied and resourceful agencies with sound technical and financial capabilities and having experience of similar types of works as mentioned in the N.I.T. For detail of each group like Name of work, Eligibility criteria, Earnest money, Estimated amount etc. may be available from this office on any working day from 11.00 AM to 2.00 P.M. Last date of application and availability of tender paper for the NIT is **25.04.2022 upto 2.00 P.M.** and **27.04.2022 upto 2.00 P.M.** respectively.

Sd/-
Assistant Engineer (A-I)
Burdwan (A-I) Sub-Division
Burdwan

FORM A
PUBLIC ANNOUNCEMENT
(Under Regulation 6 of the Insolvency and Bankruptcy Board of India (Insolvency Resolution Process for Corporate Persons) Regulations, 2016)
FOR THE ATTENTION OF THE CREDITORS OF ROBOTICS INFRATECH PRIVATE LIMITED

RELEVANT PARTICULARS		
1.	Name of corporate debtor	ROBOTICS INFRATECH PRIVATE LIMITED
2.	Date of incorporation of corporate debtor	31/03/2011
3.	Authority under which corporate debtor is incorporated / registered	RoC-Kolkata
4.	Corporate Identity No. / Limited Liability Identification No. of corporate debtor	U70109WB2011PTC161411
5.	Address of the registered office and principal office (if any) of corporate debtor	8A, LALA LAJPATHRAJ SARANI, 3RD FLOOR, KOLKATA, WB-700020 IN
6.	Insolvency commencement date in respect of corporate debtor	08/04/2022 (The CIRP commenced on 25.02.2020 but the IRP appointed was sick and NCLT appointed new IRP on 8th April 2022. Therefore, this public announcement considering the date of admission of receiving the order, i.e. 8th April 2022)
7.	Estimated date of closure of insolvency resolution process	05/10/2022
8.	Name and registration number of the insolvency professional acting as interim resolution professional	Mr. Ashish Goyal Registration No. IBBI/IPA-001/IP-P02119/2020-21/13268
9.	Address and e-mail of the interim resolution professional, as registered with the Board	Shrachi Lakewoods, Flat 1E 106D, Narkeldanga North Road, Kolkata, West Bengal-700011 Email: ashish.goyal@outlook.in
10.	Address and e-mail to be used for correspondence with the interim resolution professional	AAA INSOLVENCY PROFESSIONALS LLP, Kolkata Office: Mousumi Co. Op. Housing Society, 15B, Ballygunge Circular Road, Kolkata-700019 Email: robotics.infra@aaainsolvency.com
11.	Last date for submission of claims	22/04/2022
12.	Classes of creditors, if any, under clause (b) of sub-section (6A) of section 21, ascertained by the interim resolution professional	N/A
13.	Names of Insolvency Professionals identified to act as Authorised Representative of creditors in a class (Three names for each class)	N/A
14.	(a) Relevant Forms and (b) Details of authorized representatives are available at:	(a) https://www.ibbi.gov.in/home/downloads (b) N/A

Notice is hereby given that the National Company Law Tribunal has ordered the commencement of a corporate insolvency resolution process of the Robotics Infratech Private Limited on 25/02/2020 (The CIRP commenced on 25.02.2020 but the IRP appointed was sick and NCLT appointed new IRP on 8th April 2022. Therefore, this public announcement considering the date of admission of receiving the order, i.e. 8th April 2022).

The creditors of Robotics Infratech Private Limited are hereby called upon to submit their claims with proof on or before 22/04/2022 to the interim resolution professional at the address mentioned against entry No. 10.

The financial creditors shall submit their claims with proof by electronic means only. All other creditors may submit the claims with proof in person, by post or by electronic means.

A financial creditor belonging to a class, as listed against the entry No. 12, shall indicate its choice of authorized representative from among the three insolvency professionals listed against entry No.13 to act as authorized representative of the class in Form CA- N/A.

Submission of false or misleading proofs of claim shall attract penalties.

Date : 12/04/2022 — Mr. Ashish Goyal,
Place : Kolkata — Reg No.: IBBI/IPA-001/IP-P02119/2020-21/13268